

# 📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًا فًات

আয়াতঃ ৩৭:১০৫

## **া** আরবি মূল আয়াত:

# قَد صَدَّقتَ الرُّءيَا إِنَّا كَذٰلِكَ نَجِزِى المُحسِنِينَ ﴿١٠٥﴾

#### 🗚 অনুবাদসমূহ:

'তুমি তো স্বপ্নকে সত্যে পরিণত করেছ। নিশ্চয় আমি এভাবেই সৎকর্মশীলদের পুরস্কৃত করে থাকি'। — আল-বায়ান স্বপ্নে দেয়া আদেশ তুমি সত্যে পরিণত করেই ছাড়লে। এভাবেই আমি সৎকর্মশীলদেরকে প্রতিদান দিয়ে থাকি। — তাইসিক্রল

তুমিতো স্বপ্নাদেশ সত্যিই পালন করলে। এভাবেই আমি সৎকর্মশীলদেরকে পুরস্কৃত করে থাকি। — মুজিবুর রহমান

You have fulfilled the vision." Indeed, We thus reward the doers of good. — Sahih International

১০৫. আপনি তো স্বপ্নের আদেশ সত্যই পালন করলেন!—এভাবেই আমরা মুহসিনদেরকে পুরস্কৃত করে থাকি।

তাফসীরে জাকারিয়া

(১০৫) তুমি তো স্বপ্নকে বাস্তবে পরিণত করে দেখালে।[1] নিশ্চয় আমি এইভাবে সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দিয়ে থাকি।

[1] অর্থাৎ, মনের পরিপূর্ণ ইচ্ছার সাথে সন্তানকে যবেহ করার উদ্দেশ্যে মাটির উপর শুইয়ে দেওয়াতেই তুমি নিজ স্বপ্লকে বাস্তব করে দেখালে। কারণ এতে স্পষ্ট হয়ে গেল যে, আল্লাহর আদেশের তুলনায় তোমার নিকট কোন বস্তুই প্রিয়তর নয়; এমনকি নিজের একমাত্র পুত্রও নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3893

## 🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন